

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ১৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৮.১২-১১৫—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে Nestle Bangladesh Limited এর কারখানাকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৩, ১০৫ এবং ১১৪ (১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২৫ সেপ্টেম্বর, ২০১৬ হতে ২৪ মার্চ, ২০১৭ পর্যন্ত ৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:—

শর্তাবলী:

- (১) কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না।
- (২) অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে।
- (৩) প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- (৪) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।

২। ইহা ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাকিলা জেরিন আহমেদ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৫২৯৯)

মূল্য : টাকা ৪০০